অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/17/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক পরিবারের জন্য নিউ ইয়র্ক খাদ্য কর্মসূচির রাউন্ড 2 এর মাধ্যমে 7.6 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার ঘোষণা করলেন

কর্মসূচিটি হলো নিউ ইয়র্কের খাদ্য ও কৃষি খাতের স্থিতিস্থাপকতা বলীয়ান করার জন্য গভর্নরের স্টেট অফ দ্য স্টেটের প্রতিশ্রুতির অনুবর্তী

অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহ কৃষি সম্প্রদায়কে বলীয়ান করবে এবং তাজা, স্থানীয় খাদ্য পাওয়ার সুযোগ বৃদ্ধি করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক পরিবারের জন্য নিউ ইয়র্ক খাদ্য কর্মসূচির (New York Food for New York Families, NYFNYF) রাউন্ড 2 এর মাধ্যমে যোগ্য সংগঠনসমূহের জন্য 7.6 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকবে। মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের (United States Department of Agriculture, USDA) একটি অনুদানের মাধ্যমে অর্থায়িত কর্মসূচিটি নিউ ইয়র্কের খামারিদের জন্য একটি উন্নতির সুযোগ প্রদান করছে, সম্প্রদায়ের জন্য স্থানীয় খাদ্য পাওয়ার সুযোগ বৃদ্ধি করছে, এবং নিউ ইয়র্কের খাদ্য ব্যবস্থাকে আরো বলীয়ান করছে।2023 সালের নভেম্বর মাসে, গভর্নর হোকল ঘোষণা করেন যে কর্মসূচিটির রাউন্ড 1 এর মাধ্যমে পুরো স্টেটের 102টি খাদ্য পরিষেবা সংগঠনকে [40 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হয়েছে]।

"আমার 2024 স্টেট অফ দ্য স্টেটে নিউ ইয়র্কের কৃষি ও খাদ্য খাতের জন্য আরো স্থিতিস্থাপক ভবিষ্যৎ গঠনের জন্য আমি আমার প্রতিশ্রুতিকে আরো পাকাপোক্ত করেছি, নিউ ইয়র্ক পরিবারের জন্য নিউ ইয়র্ক খাদ্য কর্মসূচি অব্যাহত করা সেই লক্ষ্যকে অগ্রসর করে," **গভর্নর হোকল বলেন।** "রূপান্তরমূলক এই কর্মসূচির রাউন্ড 1 এর মাধ্যমে অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহ ইতিমধ্যে যেই পরিবারের প্রয়োজন সর্বাধিক তাদেরকে তাজা, স্থানীয় খাদ্য প্রদানে সাহায্য করছে, এবং একই সাথে নিউ ইয়র্কের খামার সম্প্রদায়কেও সমর্থন করছে। কর্মসূচিটির রাউন্ড 2 বর্তমানে সম্প্রদায়ের সংগঠনসমূহের আবেদনের জন্য খোলা আছে এবং বাস্তব হওয়া প্রকল্পসমূহ নিঃসন্দেহে সেই ব্যবস্থাকে বলীয়ান করবে যা আমাদের সর্বাধিক দুঃস্থ নিউ ইয়র্কবাসীকে সাহায্য করার জন্য আমরা গঠন করছি।"

রাউন্ড 2 প্রকল্পসমূহের জন্য মোট 7.6 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে। আবেদনকারীরা সর্বনিম্ন 250,000 মার্কিন ডলার এবং সর্বোচ্চ 2 মিলিয়ন মার্কিন ডলার তহবিলের জন আবেদন করতে পারবে। স্টেটের অভ্যন্তরে অর্থনৈতিক সুযোগ সম্প্রসারণ এবং তাদের জন্য নতুন

মার্কেটিং চ্যানেল তৈরির মাধ্যমে অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহ স্থানীয় ও গতানুগতিকভাবে সুবিধাবঞ্চিত খামারিদের সমর্থন করবে এবং একই সাথে নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্কের যেই পরিবারদের প্রয়োজন সর্বাধিক তারা যাতে স্থানীয় খাদ্য পেতে পারে।

রাউন্ড 2 এর সময়ে যে ধরনের প্রকল্পের অর্থায়ন হতে পারে তার উদাহরণ হলো:

- অলাভজনক কোনো সংগঠন আরো স্থানীয় খাদ্য ক্রয় করতে পারবে খাদ্যে অনিরাপদ এলাকাসমূহের নতুন সম্প্রদায়ে ডেলিভারি সম্প্রসারণ করতে পারবে,
- কোনো স্থানীয় বা মিউনিসিপ্যাল সরকার খাদ্যে অনিরাপদ সম্প্রদায়সমূহের ফ্যাসিলিটিসমূহের জন্য আরো স্থানীয় খাদ্য ক্রয় করতে পারবে,
- কোনো খাদ্য ব্যাংক বা প্যান্ট্রি সরাসরি কোনো খামার থেকেই খাদ্যের বাক্স ক্রয় করতে পারবে,
- গ্রাহকদের বাড়িতে খাদ্য প্রেরণ করার জন্য কোনো কমিউনিটি সেন্টার একটি ব্যাকপ্যাক কর্মসূচি শুরু করতে পারবে,
- খাদ্যে অনিরাপদ সম্প্রদায়সমূহে কাজ করা কোনো অলাভজনক চাইল্ড কেয়ার সেন্টার আহার ও নাশতার জন্য আরো স্থানীয় খাদ্য ক্রয় করতে পারবে।

যোগ্য আবেদনকারীদের মধ্যে রয়েছে অলাভজনক সংগঠন, কৃষি সমবায়, উপজাতি সংগঠন, সরকারি শিক্ষা প্রতিষ্ঠান, এবং স্থানীয় বা মিউনিসিপ্যাল সরকার। তহবিলের প্রথম রাউন্ডের মাধ্যমে অর্থপ্রাপ্ত সত্তাসমূহ আবেদন করার জন্য যোগ্য নয়। 18 জানুয়ারি, বিকাল 3:00টায় তথ্যমূলক একটি ওয়েবিনার আয়োজন করা হবে। নিবন্ধন অনলাইনে উপলভ্য আছে।

15 ফেব্রুয়ারি, 2024 তারিখে স্থানীয় সময় বিকাল 3:00টার মধ্যে নিউ ইয়র্ক স্টেট কৃষি ও বাজার বিভাগের (New York State Department of Agriculture and Markets, AGM) কাছে প্রস্তাবনা পৌঁছাতে হবে। আবেদনকারীদের জানা থাকা উচিত যে এই রাউন্ডের জন্য আবেদন একটি কাগজের আবেদনপত্রের মাধ্যমে জমা দেওয়া আবশ্যিক, যেহেতু নিউ ইয়র্ক স্টেট বর্তমানে অনুদান গেটওয়ে (Grants Gateway) থেকে স্টেটব্যাপী আর্থিক ব্যবস্থায় (Statewide Financial System, SFS) স্থানান্তর করছে। 16 জানুয়ারি এটি সক্রিয় হওয়ার পর, আবেদনকারীদেরকে SFS কর্তৃক প্রাক নির্বাচিত হতে হবে। আগ্রহী সত্তারা grantsmanagement.ny.gov/transition-SFS এ আরো জানতে পারবে। আরো তথ্য পাওয়া যাবে agriculture.ny.gov/rfp-0325-new-york-food-new-york-families-round-2 এ।

USDA মার্কেটিং এবং রেগুলেটরি কর্মসূচির (Marketing and Regulatory Programs) আন্ডার সেক্রেটারি জেনি লেস্টার মফিট বলেন, "USDA এর স্থানীয় খাদ্য ক্রয় সহায়তা কর্মসূচির (Local Food Purchase Assistance Program, LFPA) মাধ্যমে অর্থায়িত নিউ ইয়র্ক পরিবারের জন্য নিউ ইয়র্ক খাদ্য কর্মসূচি হলো স্টেট, উপজাতীয়, এবং এলাকাভিত্তিক সরকার একত্রিত হলে স্থানীয় খাদ্য উৎপাদনকারীদের জন্য স্থানীয় বাজার জোরদার করতে, এবং তাদের নিজেদের সম্প্রদায়ে খাদ্য অনিরাপত্তায় ভুগতে থাকা ব্যক্তিদের সমর্থন করার জন্য ক্ষমতায়ন করতে কী করতে পারে তার দারুণ উদাহরণ। প্রথম রাউন্ডের অর্থদানের দুর্দান্ত মতামত আমরা দেখেছি যেখানে কুইন্স থেকে শুরু ইরি কাউন্টি পর্যন্ত মানুষ মানসম্পন্ন, অত্যন্ত তাজা দুগ্ধজাত পণ্য পেয়ে কৃতজ্ঞ হয়েছে, বয়স্ক বাসিন্দারা প্রয়োজনীয় পুষ্টি বৃদ্ধির প্রশংসা করছে, এবং তরুণ

পরিবারসমূহ তাদের সন্তানের জন্য অন্যথায় ক্রয়ক্ষমতার বাইরে থাকা স্বাস্থ্যকর খাদ্য পেয়ে কৃতজ্ঞ হয়েছে। দ্বিতীয় রাউন্ডের তহবিল কী অর্জন করবে দেখার জন্য আমরা সত্যিই উদগ্রীব।"

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "আমাদের নিউ ইয়র্ক পরিবারের জন্য নিউ ইয়র্ক খাদ্য কর্মসূচিটি স্থানীয় খাদ্য সংগঠনসমূহকে তাদের সমর্থন করা খামারে নিজেদের প্রভাব সম্প্রসারণ করতে এবং তারা যেই পরিবারসমূহের খাদ্যে সহায়তা করে তাদের আরো মানসম্পন্ন, পুষ্টিসম্পন্ন খাদ্য প্রদানে সাহায্য করে। এই কর্মসূচিটি এখন পর্যন্ত যা অর্জন করেছে তা নিয়ে আমি গর্বিত, পুরো স্টেটে ইতিমধ্যে 102টি প্রকল্পকে 40 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হয়েছে। রাউন্ড 2 প্রকল্পসমূহ কী ৰজনক উড়বে তা দেখার জন্য আমি উন্মুখ, এবং সকল যোগ্য সত্তাকে আবেদন করার জন্য আমি উৎসাহ দিচ্ছি।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "মুখ্য এই ফেডারেল USDA বিনিয়োগ নিয়ে নিউ ইয়র্ক এই নতুন বছরের শুরুতে তাজা, স্বাস্থ্যকর, এবং স্থানীয় উৎসের খাদ্য পাওয়ার সুযোগ নিশ্চিত করতে কাজ করছে, যা স্থানীয় খামারি এবং অভাবী পরিবার উভয়কে লাভবান করবে। গত নভেম্বর মাসে 100 এর বেশি নিউ ইয়র্ক সংগঠনকে লাভবান করে নিউ ইয়র্ক পরিবারের জন্য নিউ ইয়র্ক খাদ্য কর্মসূচির জন্য 40 মিলিয়ন মার্কিন ডলার প্রদানে আমি সাহায্য করেছি, এবং আজকে আরো 7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করতে পেরে আমি গর্বিত, এটি পরিবার, স্থানীয় খামারি, এবং আমাদের স্টেটব্যাপী খাদ্য সরবরাহ চেইনের জন্য একটি বিজয়। USDA এর এই বিনিয়োগটি লাখ লাখ মানুষকে খাদ্য প্রদানের ক্ষমতা গভর্নর হোকলকে প্রদান করে, এবং নিউ ইয়র্কজুড়ে শিশু, পিতামাতা, পরিবার, এবং প্রত্যেক ব্যক্তিকে খাবার প্রদান করার জন্য এমন আরো সমর্থন প্রদানে লড়াই করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "নিউ ইয়র্ক পরিবারের জন্য নিউ ইয়র্ক খাদ্য কর্মসূচি নিশ্চিত করতে সাহায্য করে যাতে নিউ ইয়র্কবাসীদের কাছে স্বাস্থ্যকর, পুষ্টিকর স্থানীয় খাদ্য পাওয়ার সুযোগ থাকে। 7.6 মিলিয়ন মার্কিন ডলারের এই তহবিলটি নিউ ইরাক স্টেটের খাদ্য সরবরাহ ব্যবস্থাকে আরো বলীয়ান করবে, অভাবী নিউ ইয়র্ক পরিবারের কাছে স্থানীয় খাদ্য উপলভ্য থাকা নিশ্চিত করবে, এবং একই সাথে স্থানীয় খামারিদের সমর্থন করবে। নিউ ইয়র্কে খাদ্য নিরাপত্তা বৃদ্ধি করতে USDA এর প্রতিশ্রুতির প্রতি আমি কৃতজ্ঞ এবং সকল নিউ ইয়র্কবাসীর টেবিলে যাতে স্বাস্থ্যকর খাবার থেকে তা নিশ্চিত করতে আমি লড়াই চালিয়ে যাবো।"

USDA এর স্থানীয় খাদ্য ক্রয় সহায়তা সমবায় চুক্তি কর্মসূচির মাধ্যমে NYFNYF বাস্তবায়ন করার জন্য AGM মোট 49.6 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে। কর্মসূচির লক্ষ্য হলো নিউ ইয়র্কের খামারি/উৎপাদনকারী, খাদ্য বিতরণ সম্প্রদায়, এবং স্থানীয় খাদ্য নেটওয়ার্কের মধ্যে অংশীদারিত্ব প্রতিষ্ঠা এবং বিস্তৃত করা যাতে গ্রামীণ, দূরবর্তী, এবং/অথবা সুবিধাবঞ্চিত এলাকাসমূহে তাজা পুষ্টিকর খাদ্য বিতরণ নিশ্চিত করা যায়; আঞ্চলিক সমস্যাসমূহ বিবেচনা করার মাধ্যমে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে খাদ্য পাওয়ার সুযোগ উন্নত করা; এবং মার্কেটিং এবং অর্থনৈতিক সুযোগ সম্প্রসারণ ও তৈরি করার মাধ্যমে স্থানীয় ও গতানুগতিকভাবে সুবিধাবঞ্চিত খামারি/উৎপাদনকারীদের সমর্থন করা।

NYFNYF এবং নিউ ইয়র্কের খাদ্য ব্যবস্থাকে বলীয়ান করার জন্য তৈরি এই ধরনের কর্মসূচির উপর ভিত্তি করে, স্বাস্থ্য, পরিবেশ, শ্রম, এবং শিক্ষাখাতে ভবিষ্যৎ ঝুঁকিসমূহের বিরুদ্ধে নিউ

ইয়র্কের কৃষি শিল্পখাতকে আরো বলীয়ান, আরো স্থিতিস্থাপক এবং সক্রিয় করে তোলার জন্য গভর্নর হোকলের 2024 স্টেট অফ দ্য স্টেট একটি পরিকল্পনা পেশ করে। নিউ ইয়র্কের দুগ্ধজাত শিল্পখাত, কর্মীবাহিনী বিকাশ কর্মসূচি, এবং তরুণ নেতৃত্ব ও শিক্ষা সুযোগকে উন্নত করার জন্য গভর্নর একাধিক মুখ্য প্রস্তাবনা ঘোষণা করেছেন, যার মধ্যে আছে শিল্পখাতকে বলীয়ান করা এবং আমাদের কৃষি, খাদ্য, ও বনজ খাতের জন্য আরো স্থিতিস্থাপক ভবিষ্যৎ গঠনের জন্য ক্রস-কাটিং উদ্যোগসমূহের পরিকল্পনা।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন